যুগান্তর

তারিখ 14 OCT 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# বেসরকারি হাইস্কুলের সঙ্গে প্রাথমিক বিদ্যালয় স্থাপনে নিষেধাজ্ঞা

যুগান্তর রিপোর্ট

বেসরকারি হাইস্কুলের সঙ্গে প্রাথমিক বিদ্যালয় স্থাপনে নিষেধাজ্ঞা আরোপ করেছে শিক্ষা মন্ত্রণালয়। মঙ্গলবার এ আদেশ জারি করা হয়েছে। মন্ত্রণালয়ের সহকারী সচিব অসিম কুমার কর্মকার স্বাক্ষরিত এ আদেশে বলা হয়েছে, নতুন কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ বিদ্যালয়ের সঙ্গে প্রাথমিক বিদ্যালয় সংযুক্ত করা যাবে না। যেসব স্থানে বর্তমানে হাইস্কুলের সঙ্গে প্রাথমিক বিদ্যালয় সংযুক্ত আছে সেগুলোতে আর কোনো শিক্ষকের পদ সৃষ্টি করা হবে না। হাইস্কুলের সঙ্গে সংযুক্ত এ ধরনের প্রাথমিক বিদ্যালয়ে নতুন কোনো পদে এমপিও দেয়া হবে না। তবে এমপিওভুক্ত শূন্য পদে নতুন শিক্ষক নিয়োগ পেলে এবং জনবল কাঠামোর মধ্যে থাকলে তারা এমপিও পাবেন। আর যারা এখন এমপিও পাচ্ছেন তাদের এমপিও বহাল থাকবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, ২০১২ সালে ২৬ হাজার ১৯২টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের ঘোষণা করেন প্রধানমন্ত্রী।